



# গ্রামীণ কৃষি মৌসম সেবা

জেলা এগ্রোমেট শাখা, পুরুলিয়া  
কৃষি বিজ্ঞান কেন্দ্র, কল্যাণ

Ref: AAS/2019/41

তারিখ: ১০.১২.২০১৯

## পুরুলিয়া জেলার আবহাওয়া ভিত্তিক পূর্বাভাষ ও কৃষি পরামর্শ (সময়কাল ১১ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর) বিগত তিনদিনের আবহাওয়া

রেকর্ড করা আবহাওয়া সম্পর্কিত তথ্য অনুসারে বিগত তিন দিনের (১১ থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত) গড় সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ২৫-২৬ এবং ১২-১৫ ডিগ্রি সেন্টিগ্রেড। গড় আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক ৮৫ এবং সর্বনিম্ন ৫০ শতাংশ এবং বিগত তিন দিনে বৃষ্টি হয়নি।

আগামী পাঁচ দিনের আবহাওয়া পূর্বাভাষ					
তারিখ	১১.১২.২০১৯	১২.১২.২০১৯	১৩.১২.২০১৯	১৪.১২.২০১৯	১৫.১২.২০১৯
আবহাওয়া পরিমাপক বৃষ্টিপাত (মিমি)	০.০	০.০	০.০	০.০	০.০
সর্বাধিক তাপমাত্রা (°C)	২৭	২৭	২৭	২৬	২৭
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	১৩	১৩	১৫	১৪	১৩
মেঘের অবস্থা	পরিষ্কার	পরিষ্কার	আংশিক মেঘলা	আংশিক মেঘলা	পরিষ্কার
সর্বাধিক আপেক্ষিক আর্দ্রতা (%)	৫৮	৫৫	৭৪	৬৯	৬৩
সর্বনিম্ন আপেক্ষিক আর্দ্রতা (%)	৩৪	৩২	৩৭	৪৮	৩৯
বায়ুর গতিবেগ (কিমি/ঘন্টা)	৬.০	৫.০	৭.০	৭.০	৬.০
বায়ুর দিক নির্দেশ	উত্তর	উত্তর	উত্তর	উত্তর	উত্তর

আবহাওয়া - ভিত্তিক কৃষি পরামর্শ		
মুখ্য ফসল	পর্যায়	কৃষি পরামর্শ
আমন ধান	পরিপক্ক/কাটা	<ul style="list-style-type: none"><li>আগামী পাঁচদিন আকাশ পরিষ্কার এবং বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা না থাকায় ধান কাটার কাজ এখনো শেষ না হলে তাড়াতাড়ি সম্পন্ন করুন। ধান কাটার পর নাড়া জমিতেই রাখুন, পুড়িয়ে ফেলবেন না। এতে মাটি ও পরিবেশ উভয়েরই ক্ষতি হয়।</li></ul>

তৈলবীজ	বীজ বপন	<ul style="list-style-type: none"> <li>• সর্ষের জন্য জমি তৈরি সম্পন্ন হলে বিঘা প্রতি ৮০০ গ্রাম থেকে ১ কেজি হারে বিনয়, বুমকা বা কোন হাইব্রিড জাতের সর্ষের বীজ (বিঘা প্রতি ৪০০ গ্রাম) জমিতে বপন করতে পারেন। বপনের পূর্বে বীজ শোধনের পরামর্শ দেওয়া হচ্ছে।</li> <li>• এই সময় তিসির বীজ বপন শুরু করতে পারেন। এই এলাকার জন্য তিসির উপযোগী প্রভেদ হলো শ্বেতা, শেখর, মুক্তা।</li> </ul>
শীতকালীন সজ্জি		<ul style="list-style-type: none"> <li>• শীতকালীন শাকসবজির জমিতে নিডান দেওয়ার পরামর্শ দেওয়ার হচ্ছে। জমি নিয়মিত পর্যবেক্ষণ করুন এবং রোগপোকাকার আক্রমণ খুব বেশী হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।</li> <li>• এই সময় কপিগোত্রীয় সজ্জি যেমন ফুলকপি বাঁধাকপি তে পাতাখেকো ল্যাদা পোকাকার আক্রমণ হবার সম্ভাবনা রয়েছে। পোকাকার আক্রমণ খুব বেশী হলে নিমপাতা বা তামাকপাতা নির্যাস ১০ মিলি প্রতি লিটার সাবানমিশ্রিত জলের সাথে গুলে স্প্রে করুন। এছাড়া রাসায়নিক নিয়ন্ত্রণের জন্য ইন্ডলকার্ব বা নোভালুরণ ১মিলি প্রতি লিটার জলের সাথে স্প্রে করতে পারেন।</li> </ul>
ডালশষা/	জমি প্রস্তুতি/ বীজ বপন	<ul style="list-style-type: none"> <li>• এইসময় ডালশষা হিসাবে ছোলা, মটর, খেসারি, মুসুরের বীজ বপন শুরু করুন। বপনের পূর্বে বীজশোধনের জন্য থাইরাম প্রতি কেজিতে ২ গ্রাম করে ব্যবহার করুন।</li> <li>• ছোলার উন্নত জাতের বীজ যেমন মহামায়া-১, মহামায়া -২ বা অনুরাধা ৬ কেজি প্রতি বিঘা হারে ব্যবহার করুন। বীজ লাগানোর পূর্বে রাইজোবিয়াম মিশ্রণ ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায়।</li> </ul>
গবাদী পশু		<ul style="list-style-type: none"> <li>• এই সময় ছাগল ও ভেড়াদের পি পি আর ভ্যাকসিন দেবার পরামর্শ দেওয়া হচ্ছে।</li> <li>• এই সময় তাপমাত্রা কমতে শুরু করায় ঠান্ডার হাত থেকে বাঁচাতে গবাদী পশুদের আশ্রয়স্থল ঢেকে রাখার ব্যবস্থা করুন।</li> <li>• গবাদী পশুর পা ও মুখের রোগ (FMD) প্রতিকারের জন্য টীকাকরণ করুন এবং এফ এম ডি আক্রান্ত গবাদী পশুদের মুখ, ক্ষুর এবং দুধের বাঁট ১% পটাশিয়াম পারমাঙ্গানেট দ্রবণ দিয়ে পরিষ্কার করুন।</li> <li>• এই সময় মাছের ক্ষত জনিত রোগ দেখা দিতে পারে তাই সিফ্যাক্স @ ১লিটার প্রতি হেক্টর মি হারে পুকুরে দিন।</li> </ul>

ড. মানস কুমার ভট্টাচার্য, নোডাল অফিসার  
কৃষি বিজ্ঞান কেন্দ্র কল্যাণ, পুরুলিয়া, পশ্চিমবঙ্গ  
মোবাইল- ৮৭৯৮৩১৩০৬৩

শ্রী সুদীপ্ত ঠাকুর, বিষয়-বস্তু বিশেষজ্ঞ  
কৃষি বিজ্ঞান কেন্দ্র কল্যাণ, পুরুলিয়া, পশ্চিমবঙ্গ  
মোবাইল- ৯০০৭৯৬৮৯৫২